গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
জেলা কার্যালয়, নওগাঁ
www.doict.naogaon .gov.bd

DoICT

## নভেম্বর/২০২৩ মাসে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব কেশব কুমার হালদার
প্রোগ্রামার (অ:দা), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, জেলা কার্যালয়, নওগাঁ
সভারতারিখ : ২৮ নভেম্বর ২০২৩ খ্রিঃ
সভারসময় : সকাল ১২.০০ ঘটিকা
স্থান : তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, জেলা কার্যালয়, নওগাঁ এর অফিস কক্ষ
উপস্থিতি : পরিশিষ্ট 'ক'

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে জনাব কেশব কুমার হালদার, প্রোগ্রামার (অ:দা)অত্র কার্যালয়ের নভেম্বর/২০২৩ মাসের কার্যপত্র পাঠ করেন। নওগাঁ জেলার বিভিন্ন উপজেলা কার্যালয়ের কার্যক্রমের বিষয়ে ক্রমানুযায়ী বিস্তারিত আলোচনাক্রমে নিম্নোক্ত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়:

| ক্রমিক | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ১. | <u>শেখ রাসেল ডিজিটাল ল্যাবে ও স্কুল অব ফিউচার অনুষ্ঠিত "পাইথন প্রোগ্রাম" বিষয়ক প্রশিক্ষণ সংক্রান্তঃ</u><br><br>স্মার্ট বাংলাদেশ বিনিমার্ণের লক্ষ্যে শেখ রাসেল ডিজিটাল ল্যাব ও স্কুল অফ ফিউচার প্রাপ্ত প্রতিষ্ঠানে ছাত্র-ছাত্রীদের পাইথন প্রোগ্রামিং প্রশিক্ষণ প্রদান করা হবে। নওগাঁ জেলার ১১ টি উপজেলার মধ্যে ৬ টি উপজেলায় স্কুল অফ ফিউচার প্রাপ্ত প্রতিষ্ঠানে প্রশিক্ষণ কার্যক্রম পরিচালিত হবে। ২৯/১১/২০২৩ খ্রিঃ তারিখ থেকে মান্দা উপজেলায় পাইথন প্রোগ্রামিং প্রশিক্ষণ শুরু হয়েছে মর্মে সংশ্লিষ্ট সহকারী প্রোগ্রামার জানান। | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের নির্দেশনা মোতাবেক সহকারী প্রোগ্রামারগণ প্রশিক্ষণ পরিচালনার বিষয়ে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান ও ভেন্ডরের সাথে কথা বলে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।<br><br>বাকি উপজেলায় প্রশিক্ষণ শুরু করার জন্য বলা হল। | প্রোগ্রামার<br>সহকারী প্রোগ্রামার (সকল)<br>সহকারী নেটওয়ার্ক ইঞ্জিনিয়ার। |
| ২ | <u>শেখ রাসেল ডিজিটাল ল্যাব পরিদর্শন:</u><br><br>তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের নির্দেশনা মোতাবেক জেলা কার্যালয় থেকে ন্যুনতম ৪, প্রতিটি উপজেলা কার্যালয় থেকে ন্যুনতম ০৫টি ও জেলা কার্যালয়ের সহকারী নেটওয়ার্ক ইঞ্জিনিয়ারকে ন্যুনতম ২ টি করে পরিদর্শণের নির্দেশনা রয়েছে। সচিত্র প্রতিবেদন নির্ধারিত সময়ের মধ্যে জেলা কার্যালয়ে আবশ্যিকভাবে প্রেরণ করতে হবে। অক্টোবর/২০২৩ মাসে বদলগাছী উপজেলা থেকে কোন রিপোর্ট পাওয়া যায়নি। আত্রাই, মান্দা, সাপাহার, পোরশা ও পত্নীতলা থেকে অসামঞ্জস্যপূর্ণ রিপোর্ট পাওয়া গেছে।<br>জেলা এবং উপজেলার সকল কর্মকর্তাকে soms.gov.bd তে ২৭/১১/২০২৩ তারিখের মধ্য রেজিস্ট্রেশন সম্পন্ন করতে হবে এং ল্যাব পরিদর্শণের রিপোর্ট উক্ত সিস্টেমের মাধ্যমে প্রেরণ করতে বলা হয়। | শেখ রাসেল ডিজিটাল ল্যাব পরিদর্শন এর নিজস্ব ফরম্যাট অনুসারে সকলকে সামঞ্জস্যপূর্ণ রিপোর্ট প্রদান করতে বলা হল।<br>অসামঞ্জস্যপূর্ণ রিপোর্ট কোন উপজেলা থেকেপাওয়া গেলে সংশ্লিষ্ট উপজেলা থেকে রিপোর্ট পাওয়া যায় নি হিসাবে পরিগণিত হবে এবং প্রধান কার্যালয়কে অবহিত করা হবে।<br>রেজিস্ট্রেশন সম্পন্ন করে রিপোর্ট প্রেরণের জন্য বলা হল। | প্রোগ্রামার<br>সহকারী প্রোগ্রামার (সকল)<br>সহকারী নেটওয়ার্ক ইঞ্জিনিয়ার। |

| | | | |
|---|---|---|---|
| ৩। | <u>উপজেলা আইসিটি কমিটির সভাঃ</u><br><br>তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের নির্দেশনা মোতাবেক প্রতিমাসে উপজেলা আইসিটি কমিটির মিটিং নিয়মিতভাবে করতে হবে। সভা পরবর্তী স্বাক্ষরিত কার্যবিররণী জেলা কার্যালয়ে পাঠাতে হবে। অক্টোবর/২০২৩ মাসে শুধুমাত্র মহাদেবপুর উপজেলা ব্যতিত বাকি ১০ উপজেলা ও জেলা কার্যালয় থেকে কোন প্রতিবেদন পাওয়া যান নি। | নওগাঁ সদর, বদলগাছী, ধামুইরহাট, নিয়ামতপুর, পোরশা, সাপাহার, পত্নীতলা, রানীনগর, আত্রাই ও মান্দা উপজেলাকে<br>নিয়মিত সভার কার্যবিররণী প্রেরণের জন্য বলা হল। | প্রোগ্রামার<br>সহকারী প্রোগ্রামার (সকল)<br>সহকারী নেটওয়ার্ক ইঞ্জিনিয়ার |
| ৪ | <u>জেলা ও উপজেলা ওয়েব পোর্টালের তথ্য হালনাগাদ:</u><br><br>আইসিটি অধিদপ্তরের জেলা ও উপজেলা কার্যালয়ের স্বতন্ত্র ওয়েবপোর্টাল রয়েছে। ওয়েবপোর্টালের পরিবর্তনযোগ্য তথ্যাদি নিয়মিত বাংলা ও ইংরেজি উভয় ভাষাতেই হালনাগাদ করতে হবে। হালনাগাদকরণের সচিত্র প্রতিবেদন জেলা কার্যালয়ে নির্ধারিত তারিখের মধ্যে প্রেরণের নির্দেশনা রয়েছে। বাদলগাছী উপজেলা ব্যতিত বাকি ১০ টি উপজেলার রিপোর্ট পাওয়া গেছে। অক্টোবর/২০২৩ মাসে মহাদেবপুর, নওগাঁ সদর, রানীনগর ও মান্দা থেকে ফরম্যাট অনুসারে সামঞ্জস্যপূর্ণ রিপোর্ট পাওয়া গেছে। | বদলগাছী, নিয়ামতপুর, পোরশা, সাপাহার, পত্নীতলা, ধামুরহাট, আত্রাই উপজেলাকে পরবর্তী মাস থেকে নিয়মিতভাবে নির্ধারিত ফরম্যাটে ও নির্ধারিত তারিখে আবশ্যিকভার রিপোর্ট প্রেরণের জন্য বলা হল। | প্রোগ্রামার<br>সহকারী প্রোগ্রামার (সকল)<br>সহকারী নেটওয়ার্ক ইঞ্জিনিয়ার |

| | | | |
|---|---|---|---|
| ৫। | বিবিধঃ<br><br>আইসিটি অধিদপ্তর, ঢাকা থেকে D-nothi বিষয়ক প্রশিক্ষণের জন্য জেলা ও উপজেলায় কোন বরাদ্দ আসলে তা সম্পন্ন করার জন্য বলা হয়।<br><br>জেলার APA ও NIS টার্গেট পূরণের জন্য সকল উপজেলা কার্যালয়কে তাদের প্রয়োজনীয় সহযোগিতা করার জন্য বলা হয়।<br><br>আইসিটি অধিদপ্তর, ঢাকা এর নির্দেশনা মোতাবেক জেলা ও উপজেলার কার্যালয়কে "শিশুর চোখে স্মার্ট বাংলাদেশ ২০৪১" শীর্ষক চিত্রাংক প্রতিযোগিতা আয়োজন করার জন্য বলা হয়। | উপজেলা কার্যালয় (সকল) কে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য বলা হল। | প্রোগ্রামার<br>সহকারী প্রোগ্রামার (সকল)<br>সহকারী নেটওয়ার্ক ইঞ্জিনিয়ার |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

৩০/১১/২০২৩

(কেশব কুমার হালদার)
প্রোগ্রামার (অ:দা)
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
জেলা কার্যালয়, নওগাঁ।
ফোন: +৮৮০২৫৮৮৮১৫৭৫
ই-মেইল:doict.naogoan@gmail.com

স্মারক নম্বর- ৫৬.০৪.৬৪০০.০০০.০৬.০০১.২১-২৪

তারিখ: ১৫ অগ্রহায়ণ ১৪৩০
৩০/১১/২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
০২। সহকারী প্রোগ্রামার (সকল), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, উপজেলা কার্যালয়, নওগাঁ।
০৩। অফিসকপি।

৩০/১১/২০২৩

(কেশব কুমার হালদার)
প্রোগ্রামার(অ:দা)
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
জেলা কার্যালয়, নওগাঁ।